গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা।
www.food.bandarban.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০৩০০.০০১.৩২.০০২.২৩.৪৪৬ তারিখ: ১১/০২/২০২৪ খ্রি.

## বিনষ্ট খাদ্যশস্য নিলাম দরপত্র বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকার ০৫/১০/২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৫২.৫৭.০১২.১৩.২৫.৩৩৯/১(৮) এবং পরিদর্শক, উন্নয়ন ও কারিগরী কার্যক্রম পরিদপ্তর, খাদ্য ভবন, ঢাকার ১১/০৯/২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.১১৩.৬৭.০০৫.২৩.১৩/১(১১) নং স্মারকের নির্দেশনা অনুযায়ী সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত লামা এলএসডি'র ৯৬.৮০৮ মে: টন বিনষ্ট চাল নিলাম বিক্রয় করা হবে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | : | খাদ্য মন্ত্রণালয় |
| ০২ | প্রতিনিধি/বিক্রয়কারী সত্ত্বা | : | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর পক্ষে জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৩ | নিলাম দরপত্র আহব্বানকারী কর্মকর্তা | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৪ | নিলাম বিক্রয়ের জন্য বিনষ্ট খাদ্যশস্য | : | বান্দরবান পার্বত্য জেলার লামা এলএসডি'র বিনষ্ট চাল যেখানে যে অবস্থায় আছে সে মোতাবেক ১(এক)টি লট। |
| ০৫ | বিনষ্ট খাদ্যশস্য নিলাম বিজ্ঞপ্তি নম্বর | : | স্মারক নম্বর: ১৩.০১.০৩০০.০০১.৩২.০০২.২৩.**৪৪৬**, তারিখ: **১১/০২/২০২৪** |
| ০৬ | দরপত্র বিক্রয় পদ্ধতি | : | উন্মুক্ত নিলাম পদ্ধতি (এক খাম) (Open Auction) |
| ০৭ | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | : | ২৭/০২/২০২৪খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ০৮ | নিলাম দরপত্র গ্রহণের তারিখ ও সময় | : | ২৮/০২/২০২৪ খ্রি. সকাল ০৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৯ | বিক্রয়ের আবেদন গ্রহণের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলায় রক্ষিত দরপত্র বাক্স। |
| ১০ | বিক্রয় সিডিউল প্রাপ্তির স্থান | : | হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা। |
| ১১ | বিক্রয় আবেদনের বাক্স খোলার তারিখ ও সময় | : | ২৮/০২/২০২৪ খ্রি. তারিখ বিকাল ২.০০ ঘটিকা। |
| ১২ | বিক্রয়ের আবেদন উন্মুক্ত করণের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা। উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) বাক্স খোলা হবে। |
| ১৩ | নিলাম দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের যোগ্যতা | : | সাধারণ ব্যবসায়ী/মাছের খাবার প্রস্তুতকারী/মৎস্য ব্যবসায়ী/আগ্রহী ব্যক্তি। তবে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের টিআইএন সনদ ও কোন তফসিলি ব্যাংক হতে আর্থিক সচ্ছলতার সনদ থাকতে হবে। |
| ১৪ | নিলাম সিডিউলের মূল্য | : | চালের জন্য ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকা মাত্র। ট্রেজারী চালানের মাধ্যমে মূল্য জমা দিয়ে সিডিউল ক্রয় করতে হবে। সরকার নির্ধারিত কোড নং-(১/৪৮৩১/০০০১/২৩৬৬) ১৪৮০২০১১৩০২২০/১৪২২৩২৮। |
| ১৫ | বিনষ্ট খাদ্যশস্য নিলামের জামানত | : | উদ্ধৃত দরের ১০% হারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা'র অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট(ফেরতযোগ্য)। |
| ১৬ | বিনষ্ট খাদ্যশস্য বিক্রয় সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীন সময়ে) | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা এর প্রশাসন শাখা/হিসাব শাখা- মোবাইল নম্বর-০১৮২৭৯৬৮৭৬৫/০১৮২৮৮৭২১৭৫। |

**শর্তাবলীঃ**

১। লটের বিনষ্ট চালের দর সিডিউলে দাখিল করতে হবে। লটের বিক্রয়যোগ্য বিনষ্ট খাদ্যশস্যের (চাল) আংশিক পরিমাণের জন্য দর দাখিল করা যাবে না।

২। নিলাম দরপত্র সীলগালাযুক্ত খামে অবশ্যই আগামী ২৮/০২/২০২৪ খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র জমা দেয়ার জন্য আনা হলে তা বাতিল বলে গণ্য হবে এবং বন্ধ অবস্থায় খাম আগত ব্যক্তিকে ফেরত দেয়া হবে।

৩। নিলাম দরপত্র আবেদন সীলমোহরকৃত একটি খামে দাখিল করতে হবে। খামের উপরের অংশে **এলএসডির নাম, লট নম্বর এবং খামের উপরে মধ্যভাগে "বিনষ্ট চালের জন্য নিলাম দরপত্র" অথবা ডান পার্শ্বে জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা এবং বাম পার্শ্বে দরপত্র দাতার পূর্ণ নাম, ঠিকানা উল্লেখ করতে হবে।**

৪। প্রতি সেট বিনষ্ট চালের দরপত্র সিডিউলের মূল্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা, যা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, বান্দরবান শাখায় **(১/৪৮৩১/০০০১/২৩৬৬) ১৪৮০২০১১৩০২২০/১৪২২৩২৮** নম্বর কোডে জমা দিতে হবে। সিডিউলের টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র কার্যালয়ের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করিয়ে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি অত্র কার্যালয়ে জমা দিয়ে এবং একটি ফটোকপি প্রদর্শন পূর্বক (প্রদর্শিত ফটোকপি পরবর্তীতে দরপত্র সিডিউলের সাথে অবশ্যই দাখিল করতে হবে) নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

৫। কোন প্রকার উপরিলিখন, ঘষামাজা, কাটাকাটি ও ফ্লুইডযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রে প্রদত্ত দর অংকে ও কথায় লিখতে হবে।

৬। নিলাম দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের রশিদের কপি, দরদাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ টিআইএন সনদের সত্যায়িত ফটোকপি, যে কোন তফসিলি ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ সংযুক্ত করে দাখিল করতে হবে।

৭। বিনষ্ট চাল **'কটু গন্ধযুক্ত (obnoxious odour) এবং মানুষের খাদ্য উপযোগী নয়'** বলে খাদ্য অধিদপ্তরের পরীক্ষাগারে প্রমাণিত হওয়ায় নিলামে বিক্রয়তব্য বিনষ্ট খাদ্যশস্য কোন অবস্থাতেই **"মানুষের খাদ্য হিসেবে ব্যবহার অথবা মানুষের খাদ্যের সাথে মিশ্রিত করে ব্যবহার বা বিক্রয় করা হবে না"** মর্মে নিলাম দরদাতাকে নিজস্ব প্যাডে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। মৎস্য খাবার/জৈব সার হিসেবে জমিতে ব্যবহার ব্যতিত অন্য কোন খাবার হিসেবে ব্যবহারের ফলে, যদি কোন ক্ষয়ক্ষতি সাধিত হয় তার জন্য নিলাম গ্রহীতা দায়ী থাকবেন।

৮। উদ্বৃত মোট মূল্যের উপর শতকরা ১০% হারে জামানতের (ফেরতযোগ্য) টাকা যে কোন তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার মারফত জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা এর অনুকূলে দরপত্র সিডিউলের সাথে দাখিল করতে হবে। অন্যথায়, দরপত্র সিডিউল বাতিল হিসেবে গণ্য হবে। যে সকল নিলাম দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হওয়া সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যশস্যের মূল্য সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থ হবেন, তাদের ১০% জামানতের টাকা বিধি মোতাবেক সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে।

৯। সিডিউলে দরদাতার পূর্ণ নাম, ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। সিডিউলের প্রতিটি পাতায় এবং দাখিলকৃত কাগজপত্রের প্রতিটি পাতার নীচে দরদাতার স্বাক্ষর থাকতে হবে।

১০। নির্ধারিত এলএসডি থেকে বিনষ্ট চাল অপসারণের সকল ব্যয় সরবরাহ আদেশ প্রাপ্ত দরদাতাকে বহন করতে হবে।

১১। বিনষ্ট চাল অপসারণের সময় কোন প্রকার দুর্ঘটনার ফলে জান-মালের কোন প্রকার ক্ষয়ক্ষতি সাধিত হলে, তা অনুমোদিত দরদাতাকে নিজ দায়িত্বে ক্ষতিপূরণ করতে হবে। এ ব্যাপারে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং বিক্রয়কারী কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব বহন করবে না।

১২। যোগ্য ও সর্বোচ্চ নিলাম দরদাতার প্রদত্ত দর সংরক্ষিত দরের বেশি হলে, দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ প্রাপ্ত হলে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে তবেই কার্যাদেশ দেয়া হবে।

১৩। আগামী ২৭/০২/২০৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত সংশ্লিষ্ট লামা এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তা/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লামা এর সাথে যোগাযোগ করে যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে বিনষ্ট চাল এর নমুনা দেখা যাবে। পরবর্তীতে, দর দাখিলের পর না দেখার অযুহাতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। সর্বোচ্চ নিলাম দরদাতাকে কার্যাদেশ প্রদানের ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে নির্ধারিত এলএসডিতে রক্ষিত বিনষ্ট খাদ্যশস্যের উদ্ধৃত সমূদয় মূল্যের উপর ৫% হারে উৎসে আয়কর ও ৭.৫% হারে ভ্যাট (সর্বশেষ আদেশে যা থাকে) নির্ধারিত কোডে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতঃ চালানের মূল কপি জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে দাখিল করে সরবরাহ আদেশ (ডিও) গ্রহণ পূর্বক ৭(সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট এলএসডি হতে বিনষ্ট খাদ্যশস্য সরবরাহ নিতে হবে। অনিবার্য কারণ ব্যতিত অন্য কোন অযুহাতে সরবরাহ আদেশের কোন প্রকার মেয়াদ বৃদ্ধি করা হবে না। মেয়াদ বৃদ্ধির বিষয়টি সম্পূর্ণ বিজ্ঞপ্তি দাতা বিক্রয়কারী কর্তৃপক্ষের এখতিয়ারভূক্ত। এ বিষয়ে নিলাম দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫। সর্বোচ্চ নিলাম দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান না করা পর্যন্ত ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বিমুক্ত করা হবে না।

১৬। কৃতকার্য নিলাম দরদাতার জামানতের টাকা, সমুদয় বিনষ্ট চাল সংশ্লিষ্ট এলএসডি হতে সরবরাহ নেয়ার পর সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সুপারিশক্রমে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা হতে জামানত ফেরত নেয়া যাবে।

১৭। নিলাম দরপত্রসমূহ খোলার নির্ধারিত তারিখ হতে পরবর্তী ৬০ (ষাট) দিন পর্যন্ত অত্র দরপত্রের মেয়াদ কার্যকর (Valid) থাকবে।

১৮। কর্তৃপক্ষ যে কোন দরদাতার নিলাম দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১১.০২.২০২৪
জ্যোতি বিকাশ ত্রিপুরা
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
বান্দরবান পার্বত্য জেলা।
ফোন: ০২৩৩৩৩০২৭৩০
ই-মেইল : dcf.bbn@dgfood.gov.bd
১১/০২/২৪

স্মারক নম্বর: ১৩.০১.০৩০০.০০১.৩২.০০২.২৩.৪৪৬ তারিখ: ১১/০২/২০২৪ খ্রি.

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মহাপরিচালক(গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৬। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৮। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। মেয়র, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। সিভিল সার্জন, বান্দরবান পার্বত্য জেলা।
১১। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।
১২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।
১৩। জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা।
১৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল),................, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
১৫। জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য ও নোটিশ বোর্ডে টাংগানোর জন্য অনুরোধ করা হলো।
১৬। উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাংগানোর জন্য অনুরোধ করা হলো।
১৭। চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, বান্দরবান পার্বত্য জেলা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য ও নোটিশ বোর্ডে টাংগানোর জন্য অনুরোধ করা হলো।
১৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।
১৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),....................................... বান্দরবান পার্বত্য জেলা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য ও নোটিশ বোর্ডে টাংগানোর জন্য।
২০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
২১। অফিসার ইনচার্জ, লামা থানা, বান্দরবান পার্বত্য জেলা।
২২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)..................................এলএসডি, বান্দরবান পার্বত্য জেলা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য ও নোটিশ বোর্ডে টাংগানোর জন্য।
২৩। অফিস কপি।

১১.০২.২০২৪
জেলা খাদ্য নিয়ন্ত্রক
বান্দরবান পার্বত্য জেলা।
১১/০২/২৪